গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা
www.doict.bandarban.gov.bd

বান্দরবান পার্বত্য জেলার নভেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	শাহ্ মোজাহিদ উদ্দিন জেলাপ্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
সভার তারিখ	**২৪ নভেম্বর ২০২৪ খ্রি.**
সভার সময়	**সকাল ১০.০০ ঘটিকায়**
স্থান	জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট ‘ক’

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জেলা আইসিটি কমিটির সদস্য সচিব জেলা আইসিটি অফিসার (প্রোগ্রামার) (ভারপ্রাপ্ত) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অদ্যকার সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্র. নং	আলোচ্যসূচি/আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	**<u>আইসিটি বিষয়ক সভা সংক্রান্ত:</u>** জেলা আইসিটি কমিটির মাসিক সভায় সংশ্লিষ্ট সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। সভার নোটিশ ও কার্যবিবরণী নথি সিস্টেম ও ই-মেইলে প্রেরণ এবং প্রতি মাসে সভা করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণসহ আইসিটি সংশ্লিষ্ট সকল কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। অক্টোবর/২০২৪ মাসের বান্দরবান সদর, রোয়াংছড়ি ও লামা উপজেলা হতে উপজেলা আইসিটি কমিটির মাসিক সভার কার্যবিবরণী পাওয়া গেছে।	১.১) সভার নোটিশ ও কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল সদস্যকে নথি সিস্টেম এবং ই-মেইলে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ১.২) প্রতি মাসে উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভা করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করবেন।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। জেলা আইসিটি অফিসার (প্রোগ্রামার), আইসিটি অধিদপ্তর ৩। সহকারী কমিশনার (আইসিটি) ৪। উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার) (সকল), আইসিটি অধিদপ্তর
০২	**<u>মাল্টিমিডিয়া ক্লাসরুম বিষয়ক:</u>** বান্দরবান পার্বত্য জেলায় প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৫৬১টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১৪৮টি শিক্ষা প্রতিষ্ঠানে মোট ১৮০টি মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে। প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে ম্যানুয়ালি রিপোর্ট প্রেরণ করার জন্য জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। অক্টোবর/২০২৪ মাসে জেলা শিক্ষা অফিসারের কার্যালয় হতে ৩০৭ টি ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয় হতে ৯৪ টি ক্লাসের তথ্য পাওয়া গেছে। মাল্টিমিডিয়া ক্লাসরুমে স্থাপিত যন্ত্রাংশের তথ্য স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের স্টক রেজিস্টার হালনাগাদ করার জন্য জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	২.১) প্রতি মাসে মাল্টিমিডিয়া ক্লাসরুম সমূহ পরিদর্শন করে প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২.২) প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে মাল্টিমিডিয়া ক্লাসের তথ্য ম্যানুয়ালি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২.৩) মাল্টিমিডিয়া ক্লাসরুমে স্থাপিত যন্ত্রাংশের তথ্য স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের স্টক রেজিস্টার হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। জেলা শিক্ষা অফিসার ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ৪। জেলা আইসিটি অফিসার (প্রোগ্রামার), আইসিটি অধিদপ্তর ৫। সহকারী কমিশনার (আইসিটি) ৬। উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার) (সকল), আইসিটি অধিদপ্তর

০৩	**জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত :** সভাপতি সভায় তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য নির্দেশনা প্রদান করেন। সদস্য সচিব জানান যে, বান্দরবান পার্বত্য জেলা ও সকল উপজেলার তথ্য বাতায়ন হালনাগাদ রয়েছে। জেলা পর্যায়ে ৪৩ টি সরকারি দপ্তরের তথ্য বাতায়ন শতভাগ হালনাগাদ করা হয়েছে। সদস্য সচিব জানান, সভাপতির নির্দেশনা মোতাবেক অক্টোবর ২০২৪ মাসে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা ক্রীড়া অফিস, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বান্দরবান সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, জেলা নির্বাচন অফিস, সিনিয়র কৃষি বিপনন, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ এর সাথে তথ্য বাতায়ন ১০০% হালনাগাদ করার জন্য পরামর্শ ও নির্দেশনা দেয়া হয়েছে। সদস্য সচিব যে সকল দপ্তরের তথ্য বাতায়ন শতভাগ হালনাগাদ হয়েছে তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতির অনুমতিক্রমে তিনি আরো বলেন, যে সকল দপ্তরের কর্মকর্তা-কর্মচারী পদলি/পদায়ন হয়েছে কিন্তু তথ্য বাতায়ন হালনাগাদ করা হয়নি সে সকল দপ্তরকে স্ব স্ব তথ্য বাতায়ন হালনাগাদ করতে অনুরোধ জানান এবং যে সকল দপ্তরের তথ্য বাতায়ন শত ভাগ হালনাগাদ নাই সে সকল দপ্তরসমূহের তথ্য বাতায়ন শতভাগ হালনাগাদ করতে পূণরায় পত্র প্রেরণের নির্দেশনা দেন।	৩.১) তথ্য বাতায়ন হালনাগাদকরণে জেলায় জেলা আইসিটি অফিসার এবং উপজেলায় উপজেলা আইসিটি অফিসার সকল দপ্তরকে সার্বিক সহযোগিতা করবেন। ৩.২) জেলা পর্যায়ের অবশিষ্ট অফিসসমূহের তথ্য বাতায়ন ১০০% হালনাগাদ করাতে সিদ্ধান্ত গৃহীত হয়। ৩.৩) যে সকল দপ্তরের তথ্য বাতায়ন শত ভাগ হালনাগাদ নাই সে সকল দপ্তরে পূণরায় পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। জেলা আইসিটি অফিসার (প্রোগ্রামার), আইসিটি অধিদপ্তর ৩। দপ্তর প্রধান, সকল সরকারি দপ্তর ৪। সহকারী কমিশনার (আইসিটি) ৫। উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার) (সকল), আইসিটি অধিদপ্তর
০৪	**ডিজিটাল সেন্টার সংক্রান্ত:** বান্দরবান পার্বত্য জেলায় ৩৪টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার এবং ০২টি পৌর ডিজিটাল সেন্টার রয়েছে। ইউডিসির উদ্যোক্তাগণ একসেবায় নিজ নিজ একাউন্টে লগইন করে দৈনিক আয় ও সেবার তথ্য আপলোড করার নির্দেশনা রয়েছে। উদ্যোক্তা একসেবা ড্যাশবোর্ডে অক্টোবর/২০২৪ মাসে ০৭টি ইউডিসির উদ্যোক্তাদের মোট আয় ১৬,০৬০/- এবং সেবা গ্রহীতা ৬৩৫ জন মর্মে দেখা যায়। একসেবায় উদ্যোক্তাদের আয় ও সেবার তথ্য আপলোড সন্তোষজনক নয় বিধায় সকল উদ্যোক্তাদের আয় ও সেবার সঠিক তথ্য নিয়মিত আপলোড নিশ্চিতকরণের বিষয়টি আলোচিত হয়। ডিজিটাল সেন্টারসমূহ নিয়মিত পরিদর্শন ও যে সকল ডিজিটাল সেন্টারসমূহে উদ্যোক্তা পদ শূন্য রয়েছে সে সকল ডিজিটাল সেন্টারে উদ্যোক্তা নিয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার কে সভাপতি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়।	৪.১) ডিজিটাল সেন্টারসমূহ নিয়মিত পরিদর্শন করতে সিদ্ধান্ত গৃহীত হয়। ৪.২) সকল ইউডিসিতে ১জন পুরুষ ও ১জন নারী উদ্যোক্তা থাকার বিষয়টি নিশ্চিত করতে সিদ্ধান্ত গৃহীত হয়। ৪.৩) ইউডিসির উদ্যোক্তাগণ নিজ নিজ একাউন্টে লগইন করে প্রতিদিনের আয় ও সেবার তথ্য নিয়মিত আপলোড করতে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপ-পরিচালক, স্থানীয় সরকার ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৩। জেলা আইসিটি অফিসার (প্রোগ্রামার), আইসিটি অধিদপ্তর ৪। সহকারী কমিশনার (আইসিটি) ৫। উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার) (সকল), আইসিটি অধিদপ্তর
০৫	**ই-নথি/ডি-নথি সংক্রান্ত:** সরকারি দপ্তরসমূহে ডি-নথি সিস্টেম ব্যবহারের মাধ্যমে পত্রজারিসহ দাপ্তরিক কার্যক্রম বৃদ্ধি করার অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসারদের ডি-নথিতে পত্রজারি করার জন্য অনুরোধ করা হয়।	৫.১) জেলার সকল সরকারি অফিসে ডি-নথি সিস্টেম ব্যবহারের মাধ্যমে পত্রজারিসহ দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়ন করতে সিদ্ধান্ত গৃহীত হয়। ৫.২) অনিষ্পন্ন ডাক ও নথিসমূহ যথাসময়ে নিষ্পন্ন করতে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। জেলা আইসিটি অফিসার (প্রোগ্রামার), আইসিটি অধিদপ্তর ৩। সহকারী কমিশনার (আইসিটি) ৪। উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার) (সকল), আইসিটি অধিদপ্তর ৫। সংশিষ্ট (সকল)

০৬	**আইসিটিডি ডিজিটাল ল্যাব সংক্রান্ত:** আইসিটি শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে বান্দরবান পার্বত্য জেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর** কর্তৃক ২২ টি **আইসিটিডি ডিজিটাল ল্যাব** ও ১টি **আইসিটিডি স্কুল অব ফিউচার এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)** কর্তৃক ২২টি কম্পিউটার ল্যাব এবং **শিক্ষা মন্ত্রণালয়** কর্তৃক ০৮টি কম্পিউটার ল্যাবসহ মোট ৫২টি ল্যাব স্থাপন করা হয়েছে। ৩য় পর্যায়ে ২৬টি **কম্পিউটার ল্যাব** স্থাপনের জন্য যাচাই-বাছাই করে প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়েছে। স্থাপিত ল্যাবসমূহের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের জন্য নিয়মিত পরিদর্শন করে শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের দিক নির্দেশনা দেয়া প্রয়োজন। তাই জেলা আইসিটি কমিটির সদস্যবৃন্দ তাদের স্ব স্ব দাপ্তরিক কর্মসূচির আওতায় মাঠ পর্যায়ে পরিদর্শনকালে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাবসমূহ পরিদর্শন করলে ল্যাবের কার্যক্রম আরো বেগবান হবে মর্মে সদস্য সচিব আশাবাদ ব্যক্ত করেন। ল্যাবসমূহ পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন অত্র কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করেন। অক্টোবর/২০২৪ মাসের বান্দরবান সদর, লামা, রোয়াংছড়ি, আলীকদম ও নাইক্ষ্যংছড়ি উপজেলা হতে ল্যাব পরিদর্শনের রিপোর্ট পাওয়া গেছে। রুমা উপজেলায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক কোন ল্যাব স্থাপন করা হয়নি।	৬.১) কম্পিউটার ল্যাবসমূহে শিক্ষার্থীদের প্রশিক্ষণের ব্যবস্থাসহ ল্যাবের সুষ্ঠু ব্যবহার ও সংরক্ষণ নিশ্চিত করতে হবে। ৬.২) নিজ উদ্যোগে অচল কম্পিউটার সামগ্রী মেরামত ও ল্যাব পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। ৬.৩) ল্যাব ব্যবহার নীতিমালা-২০১২ ও ল্যাবচুক্তি নামা অনুযায়ী ল্যাবসমূহে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে। ৬.৪) জেলা আইসিটি কমিটির সকল সদস্যবৃন্দ ল্যাবসমূহ নিয়মিত পরিদর্শন করবেন।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। জেলা শিক্ষা অফিসার ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ৪। জেলা আইসিটি অফিসার (প্রোগ্রামার), আইসিটি অধিদপ্তর ৫। সহকারী কমিশনার (আইসিটি/শিক্ষা ও কল্যাণ শাখা) ৬। উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার) (সকল), আইসিটি অধিদপ্তর
০৭	**প্রযুক্তি সহায়তায় নারীর ক্ষমতায়ন:** তথ্য প্রযুক্তির মাধ্যমে নারীদের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা ও উদ্যোক্তা হিসাবে তাদের টেকসই ক্ষমতায়ন নিশ্চিত করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক **"হার পাওয়ার প্রকল্প: প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন"** প্রকল্পের মাধ্যমে বান্দরবান পার্বত্য জেলাধীন সদর, লামা ও রোয়াংছড়ি উপজেলায় ০৬ টি ক্যাটাগরিতে মোট ৫৮০ জন নারীকে ০৫ মাসব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে। "ওমেন ই-কমার্স প্রফেশনাল" মোট ৭৫জন প্রশিক্ষণার্থীদের নিয়ে প্রশিক্ষণ কার্যক্রম ইতোমধ্যে শেষ হয়েছে এবং সকল প্রশিক্ষণার্থীদের মাঝে ল্যাপটপ বিতরণ করা হয়েছে। ২য় পর্যায়ে ওয়েব ডেভেলপমেন্ট, ডিজিটাল মার্কেটিং, গ্রাফিক্স ডিজাইন এবং ওমেন কল সেন্টার এজেন্ট এর প্রশিক্ষণ গত ২০/০৫/২০২৪ তারিখ শুরু হয়েছে। সদর, লামা ও রোয়াংছড়ি উপজেলায় ১৩টি ব্যাচের ২৬৫ জন প্রশিক্ষণার্থীর মাঝে ল্যাপটপ বিতরণ করা হয়। ৩য় পর্যায়ে ওমেন আইটি সার্ভিস প্রোভাইডার কোর্সের প্রশিক্ষণ সদর, লামা ও রোয়াংছড়ি উপজেলায় শুরু হয়েছে। উপজেলায় ১২টি ব্যাচের মোট ২৪০জন প্রশিক্ষণার্থীকে ল্যাপটপ প্রদান করা হয়েছে। সভাপতি কর্তৃক উক্ত প্রকল্পের প্রশিক্ষণার্থীদের উপস্থিতি ও ঝরে পড়ার হার সম্পর্কে জানতে চাওয়া হলে সদস্য সচিব জানান প্রশিক্ষণার্থী ঝরে পড়ার হার শূন্য ভাগ কিন্তু উপস্থিতি হার ১ম দিকের তুলনাই একটু কম। উপস্থিতি বৃদ্ধি করার জন্য নিয়মিত মনিটরিং করা হচ্ছে।	৭.১) চলমান প্রশিক্ষণসমূহ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকলের সার্বিক সহযোগিতা প্রদান ও নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। জেলা শিক্ষা অফিসার ৩। জেলা আইসিটি অফিসার(প্রোগ্রামার), আইসিটি অধিদপ্তর ৪। সহকারী কমিশনার (আইসিটি/শিক্ষা ও কল্যান) ৫। উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার) (সকল), আইসিটি অধিদপ্তর

০৮	**বিবিধ:** **ইনফো-সরকার-৩:** বান্দরবান পার্বত্য জেলায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক **ইনফো-সরকার-৩** প্রকল্পের আওতায় ০৫ টি (আজিজনগর, ফাইতং, ফাঁসিয়াখালী, বাইশারী, তারাছা) ইউনিয়নে Point of Presence (PoP) স্থাপন করা হয়েছে । ত্রিপক্ষীয় চুক্তি বাস্তবায়নের মাধ্যমে এবং সরকার নির্ধারিত **"এক দেশ এক রেট"** অনুসরণ করে (ইউডিসির উদ্যোক্তাগণ, ISP এবং NTTN) ইন্টারনেট সেবা দেয়া যাবে। **কানেক্টেড বাংলাদেশ:** কানেক্টেড বাংলাদেশ প্রকল্পের আওতায় ১৭টি (রোয়াংছড়ি সদর, আলেক্ষ্যং, নোয়াপতং, রুমা সদর, পাইন্দু, থানচি সদর, বলিপাড়া, আলীকদম সদর, চৈক্ষ্যং, নয়া পাড়া, লামা সদর, গজালিয়া, রুপসীপাড়া, সরই, দোছড়ি, সোনাইছড়ি, ঘুমধুম) ইউনিয়ন পর্যায়ে ইন্টারনেট কানেক্টিভিটি স্থাপনের কার্যক্রম চলমান আছে। **End User Connectivity:** "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" শীর্ষক প্রকল্পের মাধ্যমে বান্দরবান পার্বত্য জেলাধীন সকল উপজেলায় বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে মোট ৬২৯টি ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপন করা হবে। ইতোমধ্যে বান্দরবান সদর উপজেলায় ১৯টি ও লামা উপজেলায় ১২ টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপন করা হয়েছে। সভাপতি উক্ত প্রকল্পের অগ্রগতি জানতে চাইলে সদস্য সচিব জানান কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠান পূর্ব থেকে ইন্টারনেটের আওতায় আছে বিধায় নতুন ইন্টারনেট সংযোগ নিতে অনিহা প্রকাশ করায় সে সকল প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ দেয়া যাচ্ছেনা। অবশিষ্ঠ প্রতিষ্ঠানগুলোতে সংযোগ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। এ অবস্থায় উক্ত শিক্ষা প্রতিষ্ঠান থেকে লিখিত নেয়ার পরামর্শ প্রদান করেন।	৮.১) ইনফো সরকার-৩ ও কানেক্টেড বাংলাদেশ প্রকল্পের কার্যক্রম তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৮.২) প্রান্তিক পর্যায়ে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপনে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ৮.৩) তালিকাভূক্ত কোন প্রতিষ্ঠা বা দপ্তর ইন্টারনেট সংযোগ নিতে অনিহা প্রকাশ করলে লিখিত ব্যাখ্যা/জবাব নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। জেলা আইসিটি অফিসার (প্রোগ্রামার), আইসিটি অধিদপ্তর ৩। সহকারী কমিশনার (আইসিটি) ৪। উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার) (সকল), আইসিটি অধিদপ্তর ৫। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (ইনফো সরকার-৩ ও কানেক্টেড বাংলাদেশ প্রকল্প) ৬। ফাইবার এট হোম প্রতিনিধি ৭। দপ্তর প্রধান, সকল সরকারি দপ্তর

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সকল সংযুক্তিসমূহ:

(১) ক

২০-১২-২০২৪
শাহ্ মোজাহিদ উদ্দিন
জেলাপ্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
০২৩৩৩৩০২১০১
dcbandarban@mopa.gov.bd

তারিখ: ৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২০ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৪.০৩০০.০০০.০৬.০০২.২১.৫৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৬। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।
৭। সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।
৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
৯। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।
১০। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বান্দরবান পার্বত্য জেলা।
১১। নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত বিভাগ, বান্দরবান পার্বত্য জেলা।
১২। জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।
১৩। অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।
১৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বান্দরবান পার্বত্য জেলা।
১৫। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।
১৬। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, বান্দরবান পার্বত্য জেলা।
১৭। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, বান্দরবান পার্বত্য জেলা।
১৮। প্রভাষক, প্রাণিবিদ্যা বিভাগ, বান্দরবান সরকারি কলেজ, বান্দরবান পার্বত্য জেলা।
১৯। প্রভাষক (পদার্থ বিজ্ঞান), বান্দরবান সরকারি মহিলা কলেজ, বান্দরবান পার্বত্য জেলা।।
২০। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, বান্দরবান পার্বত্য জেলা।
২১। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।
২২। সহকারী ব্যবস্থাপক, বিটিসিএল, বান্দরবান পার্বত্য জেলা।
২৩। অধ্যক্ষ, বান্দরবান সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, বান্দরবান পার্বত্য জেলা।
২৪। প্রধান শিক্ষক, বান্দরবান সরকারি উচ্চ বিদ্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।
২৫। উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার) (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বান্দরবান পার্বত্য জেলা।
২৬। ...., বান্দরবান পার্বত্য জেলা।

২১-১২-২০২৪
মোহাম্মদ ছুরত আলম
জেলা আইসিটি অফিসার (প্রোগ্রামার) (ভারপ্রাপ্ত)
ও সদস্য সচিব, আইসিটি বিষয়ক জেলা কমিটি